

ঢাবিতে ২২ সেপ্টেম্বর ক্লাস শুরু, থাকবে না গণরুম

ঢাবি প্রতিবেদক

১০ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সব ধরনের শিক্ষা কার্যক্রম শুরু হতে যাচ্ছে আগামী ২২ সেপ্টেম্বর থেকে। একইসঙ্গে সব আবাসিক হলের গণরুম বিলুপ্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানের সভাপতিত্বে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সঙ্গে এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক সভা সোমবার অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভারুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান সভায় সভাপতিত্ব করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের সব আবাসিক হলে গণরুম বিলুপ্তির সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া হলের গেমস রুমে সহশিক্ষামূলক কার্যক্রমের ব্যবহার উপযোগী হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়। আগামী ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ থেকে বিশ্ববিদ্যালয়ের ক্লাস চালুর বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রভোস্টদের নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ উপস্থিত ছিলেন।

এর আগে গত রবিবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে শিক্ষা কার্যক্রম দ্রুত চালু করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শীর্ষ প্রশাসনের সঙ্গে বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভাগসমূহের চেয়ারম্যান, ইনস্টিটিউটসমূহের পরিচালক এবং অফিসপ্রধানদের নিয়ে এক মতবিনিময় সভা হয়।